



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রীসহ মন্ত্রী পরিষদ সদস্যদের প্রতি
সিটি মেয়রের অভিনন্দন

চট্টগ্রাম- ৭ই জানুয়ারি-২০১৯ইংরেজী।

জননেত্রী শেখ হাসিনা একাদশ জাতীয় সংসদ তথা চতুর্থবারের মতো সংসদ নেতা ও প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় এবং তাঁর নেতৃত্বাধীন নতুন মন্ত্রী সভার সদস্যদের প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। আজ সোমবার এক অভিনন্দন বার্তায় মেয়র বলেন, সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে জননেত্রী শেখ হাসিনার কৃতিত্ব শুধু বাংলাদেশের ইতিহাসে নয়, গণতান্ত্রিক বিশ্বেও বিরল। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, শেখ হাসিনার নেতৃত্বে দেশে উন্নয়নের ধারা অব্যাহত আছে। এ ধারা আগামীতে আরও বেগমান হবে নিঃসন্দেহে। তিনি বলেন, চট্টগ্রামের উন্নয়ন মানে বাংলাদেশের উন্নয়ন। তাই চট্টগ্রামে চলমান উন্নয়ন প্রকল্পগুলোর কাজ দ্রুত গতিতে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে মাননীয় প্রধামন্ত্রীর আন্তরিক সহযোগিতা কামনা করছি। কারণ এসব প্রকল্প বাস্তবায়ন হলে সমৃদ্ধ হবে দেশের জাতীয় অর্থনীতি।

চসিক-জাইকা ও ঠিকাদারদের বৈঠকে সিটি মেয়র
ঠিকাদারের কাজ নেওয়ার সক্ষমতা
না থাকলে কাজ না নেওয়াই শ্রেয়।

চট্টগ্রাম- ৭ই জানুয়ারি-২০১৯ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ.জ.ম.নাছির উদ্দীন বলেছেন ঠিকাদারদের কাজ নেওয়ার প্রথম যোগ্যতা হলো কাজ করার সক্ষমতা থাকা। কাজের সক্ষমতা নেই এমন ঠিকাদারের কাজ নেওয়াই উচিত না। এতে দেশের স্বার্থ ক্ষতিগ্রস্ত হয়। ব্যক্তির স্বার্থের চেয়ে দেশের স্বার্থ অনেক উর্দে। তিনি আজ সোমবার দুপুরে চসিক সম্মেলন কক্ষে অনুষ্ঠিত চসিক-জাইকা ও ঠিকাদারদের মধ্যে ত্রিপক্ষীয় বৈঠকে সভাপতির বক্তব্যে এ কথা বলেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে.কর্ণেল মহিউদ্দিন আহমদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন, আলহাজ্ব আবু ছালেহ, মনিরুল হুদা, নির্বাহী প্রকৌশলী আবু সাদত মোহাম্মদ তৈয়ব, ফরহাদুল আলম, বুলুন কুমার দাশ, বিপ্লব দাশ, সুদীপ বসাক ও জাইকার প্রজেক্ট ডাইরেক্টর অহিদুল ইসলাম, সিনিয়র ফিল্ড ইঞ্জিনিয়ার মোহাম্মদ মাহবুবুল আলম, মোহাম্মদ তুষার আহমদ, মোহাম্মদ নাসির উদ্দিনসহ চসিক নির্বাহী প্রকৌশলী এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষে মোহাম্মদ জাকির হোসেন, ইঞ্জিনিয়ার আবির, আলী হোসেন, ইমন, সাইফুল, ইঞ্জিনিয়ার রশিদ প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে ঠিকাদারগণ তাদের বক্তব্যে নির্দিষ্ট সময়ের কাজ সম্পন্ন করার অঙ্গীকার ব্যক্ত করেন। সিটি মেয়র ঠিকাদারের উদ্দেশ্যে বলেন, আপনারা অতীতের ধ্যান-ধারণা থেকে বেরিয়ে আসুন। অতীতে কাজ নিয়ে বসে থেকে দিনের পর দিন অতিবাহিত করার যে প্রবণতা অনেকের মধ্যে ছিল, সে মানসিকতা এখন আর চলবে না। এই প্রসঙ্গে মেয়র আরো বলেন, ব্যক্তিগত উপকার ভোগ অথবা নিজের পকেট ভারী করার মানসিকতা নিয়ে যদি কোনো ঠিকাদার কাজ করে থাকেন, এটি মোটেও ভাল চিন্তা নয়। তাই এ চিন্তা থেকে বেরিয়ে এসে কাজ করার মানসিকতা লালন করতে হবে। তিনি বলেন জাইকার অর্থায়নে পোর্ট কানেকটিং, আধ্বাবাদ একসেস রোড, পতেঙ্গা স্কুল, মহব্বত

আলী স্কুল,আহমদ মিয়া স্কুল,লালদীঘি লাইব্রেরী ভবন,পশ্চিম মাদারবাড়ী ও পূর্বমাদারবাড়ী স্কুলসহ ১৭টি প্রকল্প রয়েছে। এই সব প্রকল্পের বিপরীতে প্রায় ২৯৪ কোটি টাকা কাজ চলমান রয়েছে। তাই নগরে চলমান এসব উন্নয়ন প্রকল্পের কাজগুলো নির্দিষ্ট সময়ে করতে ঠিকাদারকে পরামর্শ দেন মেয়র। অন্যথায় সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে নিয়ম মতে ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, কেউ যদি চসিকের চলমান উন্নয়ন প্রকল্প নিয়ে নেতিবাচক কোনো কথা বলেন, অথবা এসবের বিরুদ্ধে নেতিবাচক খবর বের হয় তখন আমার খুব কষ্ট লাগে। কারণ উন্নয়ন কাজগুলো হয় জনগণের টাকা দিয়ে। তারা যদি এর কারণে কষ্ট পায় কিংবা এ নিয়ে নেতিবাচক চিন্তা তৈরি হয় তখন আমাদের বিষয়টি ভাবার যথেষ্ট কারণ আছে।

শীতাত্ত মানুষের মাঝে কঞ্চল বিতরণ করলেন সিটি মেয়র

চট্টগ্রাম- ৭ই জানুয়ারি-২০১৯ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আজ সোমবার নগরীর ফিরিস্তী বাজার ওয়ার্ডে শীতাত্ত মানুষের মাঝে ৩৫০টি কঞ্চল বিতরণ করেন। সিটি মেয়র বলেন মানব সেবা একটি মহৎ কাজ। শেখ হাসিনা সরকার গরীব বাঞ্চব। শেখ হাসিনার সরকার সব সময় দরিদ্র জনগোষ্ঠির পাশে থাকেন। মমতাময়ী বিশ্বনন্দিত এ রাষ্ট্র প্রধান দেশের মানুষের ভাগ্য উন্নয়নের কথা সব সময় ভাবেন। তাইত তিনি আজ বিশ্বের দরবারে মানবতার জননী হিসেবে পরিচিতি পেয়েছে। সিটি মেয়র গরীব ও দুঃস্থ মানুষের মাঝে শীত বঞ্চ বিতরণ করার জন্য সমাজের বিত্তশালীদের এগিয়ে আসার আহবান জানান। চট্টগ্রাম নগরীর ৪১ টি ওয়ার্ডের দরিদ্র ও শীতাত্ত জনগোষ্ঠির জন্য প্রধানমন্ত্রী ১৩ হাজার কঞ্চল বরাদ্দ দিয়েছেন। এসব কঞ্চল আজ থেকে নগরীর শীতাত্ত মানুষের মাঝে বিতরণ শুরু হয়েছে। এসময় প্যানেল মেয়র ড.নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস লুৎফনুছা দোভাষ বেবী, কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মহসিন, বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, আওয়ামীলীগ নেতা আবদুল হাই, শিক্ষক শাহাদাত হোসেন, হাজী ইমরান কাদের, হাজী নাছির আহমেদ, সমিরণ সর্দার, অনিল সর্দার, কুঞ্জ বিহারী দাশ, হাজী জাফর আহমদ, হাজী আবুল হাশেম বাবুল, হাজী মনজুর মোরশেদ,সবির আহমদ, সামশুদ্দিন আহমদ, আফসার উদ্দিন আহমেদ, খোরশেদ আলম রহমান, তাজউদ্দিন রিজভী, সাইফুদ্দিন আহমেদ, কামরুল হক, জাহাঙ্গীর আলম, আবদুল আজিজ, এনামুল হক, তারাপদ দাশ, আবদুল মতিন, সুজিত দাশ, সওকত হোসেন, আকতার মিয়া, রাশেদুল আলম, মো. পারভেজ, মো. নিয়াজ, আবদুল আহাদ, ছাত্র নেতা মুঞ্চ সেন, অসিউর রহমান, সাফাত বিন আমিন, বোরহান উদ্দিন গিফারী, অনিন্দ্য দেব প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন